

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৮৫২

আগরতলা, ১৬ নভেম্বর, ২০২৪

**সমাজের প্রতি সংবাদমাধ্যমের বিরাট দায়িত্ব রয়েছে : মুখ্যমন্ত্রী**

গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ হচ্ছে সংবাদমাধ্যম। গণতন্ত্র রক্ষায় সংবাদ মাধ্যমের বিরাট ভূমিকা রয়েছে। সংবাদ পরিবেশনাই শুধু সাংবাদিকদের কাজ নয়, সমাজ গঠনেও সংবাদ মাধ্যমকে এগিয়ে আসা প্রয়োজন। এতেই সংবাদ মাধ্যমের প্রকৃত স্বার্থকতা। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে হেডলাইন্স ত্রিপুরা ন্যাশনাল চ্যানেল আয়োজিত শারদ সন্মান ও বর্ষপূর্তি অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শারদ সন্মান বিজয়ী ক্লাবগুলিকে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং আগামী দিনে ক্লাবগুলি আরও ভালোভাবে ও শান্তিপূর্ণভাবে শারদ উৎসবের আয়োজন করবে বলে আশা প্রকাশ করেন। অনুষ্ঠানে বিভিন্ন ক্যাটাগরিতে ৫২টি ক্লাবকে পুরস্কৃত করা হয়। মুখ্যমন্ত্রী সহ উপস্থিত অতিথিগণ ক্লাবের প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে দেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, সমাজের প্রতি সংবাদমাধ্যমের বিরাট দায়িত্ব রয়েছে। সমাজের ভুল ত্রুটিগুলি সঠিকভাবে পরিবেশন করা তাদের গুরু দায়িত্ব। যা সত্য তাই পরিবেশন করা প্রয়োজন। সেটাই মানুষ চায় এবং তাতেই মানুষের বিশ্বাস অর্জন করা সম্ভব। বর্তমান রাজ্য সরকার সংবাদমাধ্যম বান্ধব সরকার। মুখ্যমন্ত্রী বলেন, সংবাদ পরিবেশনের সময় সবসময় লক্ষ্য রাখতে হবে মানুষ যাতে সঠিক সংবাদ সম্পর্কে অবগত হতে পারে। তিনি আরও বলেন, রাজ্যের আইন শৃঙ্খলা এখন অনেক উন্নত। এই প্রসঙ্গে তিনি এবারের মায়ের গমন অনুষ্ঠানের সফলতার কথা তুলে ধরেন। তিনি বলেন, রাজ্য সরকারের একার পক্ষে রাজ্যকে উন্নতির শিখরে নিয়ে যাওয়া সম্ভব নয়। এই কাজে সংবাদমাধ্যম থেকে শুরু করে রাজ্যের মানুষকে এগিয়ে আসতে হবে। মুখ্যমন্ত্রী হেডলাইন্স ত্রিপুরা ন্যাশনাল চ্যানেলের সফলতা কামনা করেন।

অনুষ্ঠানে স্বাগত এবং ধন্যবাদসূচক বক্তব্য রাখেন হেডলাইন্স ত্রিপুরা চ্যানেলের সম্পাদক প্রণব সরকার। এছাড়াও বক্তব্য রাখেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য, রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী শুভকরানন্দ মহারাজ, রাজ্যের কৃতি সন্তান তথা 'লাপাতা লেডিস' সিনেমার কাহিনীকার বিপ্লব গোস্বামী। উপস্থিত ছিলেন কৃষি ও বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, এডভোকেট জেনারেল শক্তিময় চক্রবর্তী, বরিষ্ঠ আইনজীবী সঞ্জয় পাল প্রমুখ।

উল্লেখ্য, অনুষ্ঠানে হেডলাইন্স ত্রিপুরা ন্যাশনাল চ্যানেলের দর্শক বিপ্লব সেনগুপ্ত মুখ্যমন্ত্রী ত্রাণ তহবিলে ৫০ হাজার টাকার চেক মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা হাতে তুলে দেন।

\*\*\*\*\*